**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**30 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

রাজ্য সরকার আসামকে বিনিয়োগের কেন্দ্র ও দেশের শীর্ষ রাজ্যগুলির অন্যতমরুপে গড়ে তোলার লক্ষে প্রতিশ্রুতিবদ্ধ । আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী গুয়াহাটীতে অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতির খোজ নিয়ে শিল্প ও বানিজ্য বিভাগের মন্ত্রী বিমল বরা একথা জানান । মন্ত্রী শ্রীবরা গতকাল দিশপুরে আয়োজিত একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ নিয়ে জানান যে আসন্ন এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্কেরণের ৫ টি সহযোগী রাষ্ট্র এই বিনিয়োগ সম্মেলনে অংশ গ্রহণ করে বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রথমসারির শিল্পপতিদের সংগে এই লক্ষে উপনীত হতে সমর্থ হবে । তিনি এডভান্টেজ আসাম সম্মেলন সফল করে তোলার জন্য বিস্তারিত পরিকল্পনা ও কৌশল রুপায়ন সুনিশ্চিত করতে সকলের প্রতি আহ্বান জানান । পর্যালোচনা বৈঠকে আসাম শিল্প উন্নয়ন নিগমের পরিচালক সঞ্চালক মানবেন্দ্র সিং , বানিজ্য বিভাগের কমিশনার ঐনাম চরণ কুমার সিং সহ বেশ কয়েকজন প্রবীণ আধিকারিক উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান এবং জলসেচ বিভাগের মন্ত্রী অশোক সিংহল দু দিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে আজ শিলচর আসছেন । মন্ত্রী শ্রী সিংহল আজ সকালে শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরে এসে  শ্রীভূমি চলে যাবেন । এরপর মন্ত্রী শ্রী সিংহল সকাল সাড়ে দশটায় শ্রীভুমি সিভিল হাসপাতাল পরিদর্শন করে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়ে হাইলাকান্দিতে যাবেন । এরপর মন্ত্রী শ্রী সিংহল বিকেল তিনটে ২০ মিনিটে হাইলাকান্দিতে অনুরূপ একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ নেবেন । পরে মন্ত্রী শিলচরে এসে রাত্রি যাপন করবেন এবং আগামীকাল সকালে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । মন্ত্রী আগামীকালই দিশপুর ফিরে যাবেন ।

---

হাইলাকান্দি জেলার  বিশিষ্ট ব্যবসায়ী নীতি রঞ্জন পালের শেষ কৃত্য সম্পন্ন করতে পরিবারের সদস্যরা আজ প্রয়াগরাজের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

উল্লেখ্য নীতি রঞ্জন পালের মহাকুম্ভে পদপিষ্ট হয়ে মৃত্যু হয়েছে । রাত প্রায়  ১টার সময় এই দূর্ঘটনা সংগঠিত হয়েছে বলে জানা গেছে । প্রয়াত পাল গত ২৬ শে জানুয়ারী মহাকুম্ভের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন । হাইলাকান্দিতে তার মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে । এদিকে হাইলাকান্দির ব্যবসায়ী সমিতি প্রয়াত পালের মৃতদেহ হাইলাকান্দিতে নিয়ে আসার জন্য প্রশাসনের কাছে আবেদন জানিয়েছে ।

বাইট ----

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ
জাতির জনক মহাত্মা গান্ধীর তিরোধান দিবস শহীদ দিবস হিসেবে পালন করা হচ্ছে ।

এ উপলক্ষ্যে আজ সকাল ১১টায় জেলার তথ্য ও জনসংযোগের মাইক যোগে সাইরেন বাজিয়ে দু মিনিট নিরবতা পালন করা হবে ।

হাইলাকান্দি জেলায়ও আজ সকাল ১১টায় হাইলাকান্দি শহরের জনসংযোগ বিভাগের স্থায়ী মাইক যোগে দু মিনিট সাইরেন বাজিয়ে মৌনতার সূচনা করা হবে । এই সময়ে জনসাধারনকে নিজেদের কাজকর্ম থেকে বিরত থেকে গাড়ি, রিক্সা , অটো সহ সব ধরনের যানবাহন চালানো বন্ধ রেখে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করতে বলা হয়েছে । এরপর সকাল ১১টা দুই মিনিটে সাইরেন বাজিয়ে নিরবতা ভঙ্গ করা হবে ।

---

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় শহীদ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসন থেকে সকাল ১১টায় দু মিনিটের জন্য সব ধরনের কাজকর্ম ও যানবাহন চলাচল বন্ধ রেখে নীরবতা পালন করতে জনসাধারনের প্রতি আহ্বান জানানো হয়েছে । এই সময়কালে সরকারী-বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , যানবাহন দু মিনিটের জন্য বন্ধ রেখে দেশের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হবে ।

শ্রীভূমি জেলা সৈনিক কল্যান আধিকারীক জানিয়েছেন যে প্রাক্তন সেনা কর্মী সঞ্চালকালয় থেকে অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের দ্বারা শ্রীভূমি জেলার গ্রাম ও শহরতলী এলাকায় কমন সার্ভিস সেন্টার স্থাপনের মাধ্যমে আত্ম-নিয়োগ গড়ে তুলতে পঞ্চীয়নের জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে । এ বিষয়ে ইচ্ছুক অবসরপ্রাপ্ত সেনা কর্মীদের নাম শীঘ্রই ।সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে এসে জমা দিতে আহ্বান জানানো হয়েছে ।

---

শ্রীভূমি পৌরসভার কার্য্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের উন্মুক্ত নালা-নর্দমা ও খোলা স্থানে আর্বজনা না ফেলতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে কোন ব্যাক্তি , সবজি , মাছ ও চাল বিক্রেতা , হোটেল ,শো রুম , শপিং মল হাসপাতাল কর্তৃপক্ষ যদি নালা-নর্দমা ও খোলা স্থানে আবর্জনা ফেলেন , তবে ২০১৬ সালের কঠিন বর্জ ব্যবস্থাপনা ধারায় পরিবেশের ক্ষতিপূরন হিসেবে ২০ হাজার টাকা এবং পরিষ্কার -পরিচ্ছন্নতার মূল্যও দায়ের করা হবে ।

---

শিলচর পূর্ত বিভাগের মূখ্য কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে পয়লাপুল-জয়পুর-হরিনগর-কুমাছড়া রোডের একটি গুরুত্বপূর্ন অংশে একটি বক্স কালভার্ট নির্মাণের জন্য ওই সড়ক দিয়ে সবধরণের ভারী যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছেন । এই নিষেধাজ্ঞা আগামী পয়লা ফেব্রুয়ারী থেকে ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত কার্যকর থাকবে । উল্লেখ্য মূখ্যমন্ত্রীর উন্নত পাকাপথ নির্মাণ প্রকল্পের অধীনে এই উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আগামীকাল শিলচর বঙ্গভবনের সভাকক্ষে সদ্য প্রয়াত আইনজীবি ইমাদ উদ্দিন বুলবুল ও শিক্ষাবিদ জন্মজিৎ রায়ের স্মরনে একটি শোকসভার আয়োজন করা হয়েছে । শোকসভা বিকেল ৫টায় শুরু হবে ।